রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, জুন ১৩, ২০২৪**

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ৩০ জ্যৈষ্ঠ, ১৪৩১ মোতাবেক ১৩ জুন, ২০২৪

নিম্নলিখিত বিলটি ৩০ জ্যৈষ্ঠ, ১৪৩১ মোতাবেক ১৩ জুন, ২০২৪ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

**বা. জা. স. বিল নং-১০/২০২৪**

**বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন আইন, ১৯৯২ এর অধিকতর সংশোধনকল্পে আনীত বিল**

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহপূরণকল্পে বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন আইন, ১৯৯২(১৯৯২ সনের ৪৩ নং আইন) এর অধিকতর সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু, এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১)** এই আইন বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন (সংশোধন) আইন, ২০২৪ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **১৯৯২ সনের ৪৩ নং আইনের ধারা ২ এর সংশোধন।**—বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন আইন, ১৯৯২(১৯৯২ সনের ৪৩ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২ এর দফা (চ) এ দুইবার উল্লিখিত “সচিব” শব্দের পরিবর্তে “পরিচালক (প্রশাসন ও অর্থ)” শব্দগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে।



**মূল্য :** টাকা ৪.০০

৩। **১৯৯২ সনের ৪৩ নং আইনের ধারা ১০ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ১০ এর উপ-ধারা (২) এ উল্লিখিত "সচিব" শব্দের পরিবর্তে "পরিচালক (প্রশাসন ও অর্থ)" শব্দগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে।

৪। **১৯৯২ সনের ৪৩ নং আইনের ধারা ১১ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ১১ এর উপান্তটীকা ও উপ-ধারা (১), (২) ও (৩) এ উল্লিখিত "সচিব" শব্দের পরিবর্তে "পরিচালক (প্রশাসন ও অর্থ)" শব্দগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে।

---

## উদ্দেশ্য ও কারণ সংবলিত বিবৃতি

মন্ত্রিপরিষদ বিভাগের ২৪ জানুয়ারি ২০২১ তারিখের ১৩ নম্বর স্মারকের ০৩ নং অনুচ্ছেদের (খ) অনুসারে যেসকল দপ্তরে সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব হইতে শুরু করিয়া সচিব/সিনিয়র সচিব পর্যন্ত পদনাম ও পদবিসমূহ আইন দ্বারা প্রতিষ্ঠিত সেইসকল দপ্তর আইন সংশোধনপূর্বক পদনাম ও পদবিসূমহ পরিবর্তনের কার্যক্রম শুরু করিয়া মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করিবে মর্মে নির্দেশনা রহিয়াছে। সেই কারণে বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন এ **'সচিব'** পদনাম পরিবর্তনের জন্য আইনে সংশোধনী আনয়নের লক্ষ্যে বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন আইন, ১৯৯২ (১৯৯২ সনের ৪৩ নং আইন) ইহার সংশোধন বিল উপস্থাপন করা হইল।

**আহসানুল ইসলাম টিটু**
ভারপ্রাপ্ত প্রতিমন্ত্রী।

---

**কে, এম, আব্দুস সালাম**
সিনিয়র সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd